**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
**মুখপাত্র**
**www.sec.gov.bd**

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২৩০

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ১০১৪তম কমিশন সভা।**

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ১০১৪তম কমিশন সভা গত ১৯/০৫/২০২৬ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

১। ৩০ জুন ২০২৩ সমাপ্ত আর্থিক বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণীতে মিথ্যা তথ্য প্রদানের মাধ্যমে সিকিউরিটিজ আইন লঙ্ঘনের দায়ে Khan Brothers PP Woven Bag Industries Limited এর পরিচালক ও কর্মকর্তাদের নিম্নোক্তভাবে অর্থদণ্ডে দণ্ডিত করার সিদ্ধান্ত গৃহীত হয়, যা দণ্ডিত ব্যক্তিদের ব্যক্তিগত দায় হিসেবে বিবেচিত হবে:

| ক্রমিক | ব্যক্তির নাম | পদবী/পরিচয় | অর্থদন্ডের পরিমাণ (টাকায়) |
|---|---|---|---|
| ১ | Mohammed Enamul Kabir Khan | **Chairman**, Khan Brothers PP Woven Bag Industries Limited | ২৫.০০ লক্ষ |
| ২ | Tofayel Kabir Khan | **Managing Director**, Khan Brothers PP Woven Bag Industries Limited | ২৫.০০ লক্ষ |
| ৩ | Md. Ruhul Kabir Khan | **Director**, Khan Brothers PP Woven Bag Industries Limited | ২৫.০০ লক্ষ |
| ৪ | Hazrat Ali | **Director**, Khan Brothers PP Woven Bag Industries Limited | ২৫.০০ লক্ষ |
| ৫ | Jarin Kabir Khan | **Director**, Khan Brothers PP Woven Bag Industries Limited | ২৫.০০ লক্ষ |
| ৬ | Md. Azizul Zabber | **Chief Financial Officer**, Khan Brothers PP Woven Bag Industries Limited | ১০.০০ লক্ষ |
| ৭ | Tapan Kumar Sarker | **Company Secretary**, Khan Brothers PP Woven Bag Industries Limited | ৫.০০ লক্ষ |

২। পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানি 'Genex Infosys PLC' ৩০ জুন ২০২৪ তারিখে সমাপ্ত অর্থবছরের জন্য ৩% নগদ লভ্যাংশ ঘোষণা করে। কিন্তু কোম্পানিটি উক্ত নগদ লভ্যাংশ নির্ধারিত সময়ে পরিশোধে ব্যর্থ হয়। বিধি মোতাবেক নির্দিষ্ট সময়ের মধ্যে বিনিয়োগকারীদের ডিভিডেন্ড প্রদান না করে সিকিউরিটিজ আইন ও বিধি-বিধান লঙ্ঘনের দায়ে Genex Infosys PLC এর সংশ্লিষ্টদের(তৎকালীন পরিচালনা পর্ষদ সদস্য) নিম্নোক্ত অর্থদণ্ডে দণ্ডিত করার সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | ব্যক্তির নাম | পদবী/পরিচয় | অর্থদন্ডের পরিমাণ (টাকায়) |
|---|---|---|---|
| ১ | Mohammed Adnan Imam | **Chairman**, Genex Infosys PLC | ১.০০ (এক) লক্ষ |
| ২ | ShahJalal Uddin | **Acting Managing Director**, Genex Infosys PLC | ১.০০ (এক) লক্ষ |
| ৩ | Chowdhury Fazle Imam | **Director**, Genex Infosys PLC | ১.০০ (এক) লক্ষ |
| ৪ | Prince Mojumder | **Director**, Genex Infosys PLC | ১.০০ (এক) লক্ষ |
| ৫ | ORACLE SERVICES PLC | **Director**, Genex Infosys PLC | ১.০০ (এক) লক্ষ |
| ৬ | Nilofar Imam | **Director**, Genex Infosys PLC | ১.০০ (এক) লক্ষ |
| ৭ | | তৎকালীন **Chief Financial Officer** (CFO), Genex Infosys PLC | ১.০০ (এক) লক্ষ |
| ৮ | | তৎকালীন **Company Secretary**, Genex Infosys PLC | ১.০০ (এক) লক্ষ |

৩। পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানি 'Aftab Automobiles Ltd.' ৩০ জুন ২০২৪ তারিখে সমাপ্ত অর্থবছরের জন্য ১০% নগদ লভ্যাংশ ঘোষণা করে। কিন্তু কোম্পানিটি উক্ত মোট ৭,৪৫,৯৫,৪৬৪ টাকার নগদ লভ্যাংশের মধ্যে ৬,২৯,১৩,৮১৪.৩৩ টাকা পরিশোধ করে এবং বাকী ১,১৬,৮১,৬৪৯.৬৭ টাকা পরিশোধে ব্যর্থ হয়। কমিশন কর্তৃক আদেশ জারির পরবর্তী ৩০ দিনের মধ্যে উক্ত অপরিশোধিত নগদ লভ্যাংশ পরিশোধ করতে হবে মর্মে আদেশ জারির সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখিত সময়ে অবন্টিত লভ্যাংশ বন্টনে ব্যর্থ হলে সংশ্লিষ্টদের উক্ত সময় অতিবাহিত হওয়ার পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে নিম্নোক্ত অর্থদন্ডে দন্ডিত করার সিদ্ধান্ত গৃহীত হয় (আদেশ জারীর তারিখ থেকে এ অর্থদন্ড কার্যকর হবে):

| ক্রমিক | ব্যক্তির নাম | পদবী/পরিচয় | অর্থদন্ডের পরিমাণ (টাকায়) |
|---|---|---|---|
| ১ | Shafiul Islam | **Chairman,** Aftab Automobiles Ltd. | ৩০.০০ (ত্রিশ) লক্ষ |
| ২ | Khaleda Islam | **Director**, Aftab Automobiles Ltd. | ২০.০০ (বিশ) লক্ষ |
| ৩ | Sajedul Islam | **Director**, Aftab Automobiles Ltd. | ২০.০০ (বিশ) লক্ষ |
| ৪ | Farhana Islam | **Director**, Aftab Automobiles Ltd. | ২০.০০ (বিশ) লক্ষ |
| ৫ | Saiful Islam | **Managing Director**, Aftab Automobiles Ltd. | ৩০.০০ (ত্রিশ) লক্ষ |
| ৬ | | তৎকালীন **Chief Financial Officer** (CFO), Aftab Automobiles Ltd. | ১০.০০ (দশ) লক্ষ |
| ৭ | | তৎকালীন **Company Secretary**, Aftab Automobiles Ltd. | ৫.০০ (পাঁচ) লক্ষ |

উল্লেখ্য, উক্ত অর্থদন্ড দন্ডিত ব্যক্তিদের ব্যক্তিগত দায় হিসেবে পরিশোধের এবং নির্ধারিত সময়ে অর্থদন্ড পরিশোধে ব্যর্থতায় প্রতিদিনের জন্য অতিরিক্ত ১০.০০ (দশ) হাজার টাকা অর্থদন্ডে দন্ডিত করারও সিদ্ধান্ত সিদ্ধান্ত গৃহীত হয় এবং উক্ত অর্থদন্ডের ফলে অবন্টিত লভ্যাংশ পরিশোধের দায় হতে কোম্পানি অব্যাহতি পাবে না মর্মে সিদ্ধান্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা ও নিরাপদ বিনিয়োগ সচেতনতা কার্যক্রম সম্প্রসারণে সমন্বয় সাধনের লক্ষ্যে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও ডেপুটি ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন প্রদানে সিদ্ধান্ত গৃহীত হয়। বিস্তারিত সিদ্ধান্ত নিম্নরূপ:

ক) দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা ও নিরাপদ বিনিয়োগ সচেতনতা কার্যক্রম সম্প্রসারণে সমন্বয় সাধনের লক্ষ্যে নির্বাহী পরিচালক, ফাইন্যান্সিয়াল লিটারেসি ডিভিশন, বিএসইসি-কে সমন্বয়ক এবং জনাব মো: শরিফুল আলম, যুগ্ম পরিচালক (উপ-সচিব-২৭তম ব্যাচ), বিএসইসি-কে ফোকাল পয়েন্ট ফোকাল পয়েন্ট ও জনাব মো: শহিদুল ইসলাম, সহকারী পরিচালক, বিএসইসি-কে ডেপুটি ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়নের;

খ) জেলা প্রশাসকের কার্যালয়ের মাসিক সমন্বয় সভার ব্যবসা-বানিজ্য শীর্ষক আলোচনায় নিয়মিতভাবে বিনিয়োগ শিক্ষা ও নিরাপদ বিনিয়োগ সচেতনতা বিষয়ে এজেন্ডা প্রদান করার;

গ) ফোকাল পয়েন্ট ও ডেপুটি ফোকাল পয়েন্ট কর্তৃক সার্বক্ষনিকভাবে জেলা প্রশাসকের কার্যলয়ের সাথে যোগাযোগ রাখার ও প্রয়োজনবোধে যোগাযোগ রক্ষার্থে হোয়াটসঅ্যাপ গ্রুপ খোলার;

ঘ) জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার/ সিনিয়র সহকারী কমিশনার, ব্যবসা, বানিজ্য ও বিনিয়োগ শাখায় ফোকাল পয়েন্ট ও ডেপুটি ফোকাল পয়েন্ট কর্তৃক পুঁজিবাজারে বিনিয়োগ সক্রান্ত তথ্য সরবরাহ ও সহযোগিতা প্রদান করার; ও

ঙ) উক্ত ফোকাল পয়েন্ট ও ডেপুটি ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম, পদবি, মোবাইল নম্বর ও ইমেইল ঠিকানা সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর, সংস্থা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা প্রশাসনসহ জেলা তথ্য অফিসসমূহে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

২১/০২/২০২৬

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র